

VIOLENCE FREE WORKPLACE POLICY

Issue Date	01/01/2019
Revision No	01
Total Pages	Two (02)

		Signature
Written by:	Manager Compliance	
Review & Approved By:	Sr Manager Admin	

ভয়ভীতিমুক্ত কর্মক্ষেত্র নীতিমালা

----- গার্মেন্টস লিমিটেড এর মূল্যবান সম্পদ হলো প্রতিষ্ঠানের কর্মচারী। কর্তৃপক্ষ প্রতিষ্ঠানের কর্মচারীদের জন্য নিরাপদ কর্মক্ষেত্র প্রদানে বদ্ধ পরিকর। শ্যামলী গার্মেন্টস লিমিটেড এর প্রধান লক্ষ্য হলো কর্মচারীদের কাজের পরিবেশের উন্নতি সাধন করা। এক্ষেত্রে নিরাপত্তা হলো গুরুত্বপূর্ণ উপাদান। কর্তৃপক্ষ ভয়ভীতিমুক্ত কর্মক্ষেত্র গড়ে তুলতে শূন্য গ্রহনযোগ্য নীতি অবলম্বন করে থাকে, যেখানে কোন কর্মচারী কারখানার অভ্যন্তরে যে কোন স্থানে কাজ করার সময় কোন ধরনের ভয়ভীতির সম্মুখীন হবে না।

----- গার্মেন্টস লিমিটেড কর্তৃপক্ষ বিশ্বাস করে যে, ভয়ভীতি প্রদর্শন মূলক আচরণ উৎপাদনশীলতায় একটি বড় বাধা। এই জাতীয় ব্যবহার কর্তৃপক্ষ নিরুৎসাহিত করে। যে কর্মচারী এই জাতীয় ব্যবহার প্রদর্শন করবে সে এই নীতিমালার অধীন দায়ী থাকবে। সবধরনের ভয়ভীতি প্রদর্শনমূলক আচরণ গুরুত্বসহকারে গ্রহন করতে হবে এবং দ্রুত কর্তৃপক্ষকে জানাতে হবে।

নিম্নোক্ত কার্যাবলী এই নীতিমালার লংঘন হিসাবে বিবেচিত হবে :

- ০১। কাউকে শারিরিকভাবে আঘাত করা।
- ০২। কারো প্রতি মৌখিক বা শারিরিক আচরণ করা যাতে মানসিক আঘাত পাওয়ার সম্ভাবনা থাকে।
- ০৩। কারো বর্ণ, ধর্ম, লিঙ্গ, বা গোত্র সম্পর্কে কটাক্ষ করা।
- ০৪। প্রতিষ্ঠানের সম্পত্তি নষ্ট করা।
- ০৫। কাউকে আঘাত করার জন্য হুমকি দেওয়া।
- ০৬। প্রতিষ্ঠানের সম্পত্তি নষ্ট করার জন্য হুমকি দেওয়া।
- ০৭। যৌন হয়রনী করার জন্য হুমকি দেওয়া।
- ০৮। অস্ত্র-শস্ত্র বা ধারালো বস্তুর প্রদর্শন করা।
- ০৯। শ্রমিকদের প্রতি অশ্রাব্য বা অশ্লীল ভাষা ব্যবহার করা।
- ১০। পাশের শ্রমিককে অশ্লীল ছবি প্রদর্শন বা অশ্লীল ইঙ্গিত করা।

----- গার্মেন্টস লিমিটেড কর্তৃপক্ষ তাদের প্রতিষ্ঠানের শ্রমিকদের ভয়ভীতি প্রদর্শনমূলক কর্মকাণ্ড পরিচালনা থেকে বিরত থাকতে উৎসাহিত করে। যদি কোন কর্মচারী কর্মক্ষেত্রে কোন ধরনের ভয়ভীতিমূলক আচরণের শিকার হয়, তবে তাৎক্ষণিকভাবে সে তার উপরস্থ কর্মকর্তা বা তাদের অনুপস্থিতিতে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে বিষয়টি সম্পর্কে অবহিত করবেন। এটি প্রতিটি কর্মচারীর দায়িত্ব যে কোন ধরনের হুমকি বা ভয়ভীতিমূলক আচরণকে গুরুত্বসহকারে নিতে হবে এবং উপযুক্ত কর্তৃপক্ষকে বিষয়টি সম্পর্কে জানাতে হবে।

মানব সম্পদ ব্যবস্থাপনা বিভাগ ভয়ভীতিমুক্ত কর্মপরিবেশ গড়ে তুলতে দায়বদ্ধ থাকবে। এই বিভাগ ভয়ভীতিমূলক আচরণের বিরুদ্ধে প্রতিরক্ষামূলক ব্যবস্থা গ্রহণের জন্য শ্রমিকদের সাথে সমন্বয় করবে, নতুন ও পুরাতন শ্রমিকদের প্রশিক্ষণের মাধ্যমে এর খারাপ দিকগুলো সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি করবে এবং উচ্চ কর্তৃপক্ষকে এই আচরণগুলো সম্পর্কে অবহিত করবে।